গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী**

**এবং**

**সচিব, কৃষি মন্ত্রণালয়ের মধ্যে স্বাক্ষরিত**

**বার্ষিক কর্মসম্পাদন সমঝোতা স্মারক**

**১ জুলাই ২০১৫ হতে ৩০ জুন ২০১৬**

## সূচিপত্র

১। সংস্থার (বীজ প্রত্যয়ন এজেন্সীর) কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........................................................ ১

২। উপক্রমণিকা.......................................................................................................২

৩। সেকশন ১ ঃ সংস্থার রূপকল্প (Vision) অভিলক্ষ (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী .... ৩

৪। সেকশন ২ ঃ সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) .......................... ৪

৫। সেকশন ৩ ঃ কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষমাত্রাসমূহ .............. ৫-৭

৬। সংযোজনী -১ ঃ শব্দসংক্ষপ (Acronyms) ............................................................................ ৯

৭। সংযোজনী -২ ঃ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পারমাপ পদ্ধতির বিবরণ..১০

৮। সংযোজনী-৩ ঃ কর্ম সম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য বিভাগ/সংস্থার উপর নির্ভরশীলতা .............১১

# সংস্থার (বীজ প্রত্যয়ন এজেন্সীর) কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the performance of Seed Certification Agency)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ**

সকল ফসলের বীজের উৎকর্ষ মান নিশ্চিতকরনই বীজ প্রত্যয়ন এজেন্সীর প্রধান কাজ। বিগত ৩ বছরে (২০১১-১২ হতে ২০১৩-১৪) নোটিফাইড ফসলের ৭১,২৭৪ হেক্টর জমির বীজ ফসল পরিদর্শন ও মূল্যায়ন করা হয়েছে । জাতীয় ও আঞ্চলিক বীজ পরীক্ষাগারে ১৬,৬৩৩টি বীজ নমুনার বিশুদ্ধতা, আর্দ্রতা ও অংকুরোদগম ক্ষমতা পরীক্ষা করা হয়েছে, যার আওতায় বীজের পরিমাণ ১,৩৩,৪৪০ মে.টন। ইন্টারন্যাশনাল সীড টেষ্টিং এসোসিয়েশন (ISTA) হতে প্রেরিত বীজ নমুনা জাতীয় বীজ পরীক্ষাগারে সফলতার সাথে পরীক্ষা করা হচ্ছে। বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বীজ আইনের উপর ১৫৫০জন কৃষক ও ডিলার এবং ১০১৫ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ডিইউএস ও ভিসিইউ টেষ্টের মাধ্যমে ধানের ১৫টি ইনব্রিড ও ৩১টি হাইব্রিড জাত, গমের ২টি জাত, আলুর ১৪টি জাত ও আখের ১টি নতুন জাত অবমুক্ত/নিবন্ধন করা হয়েছে । এ ছাড়াও জলমগ্নতা সহিষ্ণু ১টি, লবণাক্ততা সহিষ্ণু ৪টি এবং খরা সহিষ্ণু ২টি ধানের জাত অবমুক্ত করা হয়েছে। বিগত ৩ বছরে ধানের ৩৫০৫টি, পাটের ৩৩৯টি, গমের ৪৮৫টি ও আলুর ৬০৭টি বীজ লটের প্রি-পোষ্ট কন্ট্রোল গ্রো আউট টেস্ট করে বীজের কৌলিক বিশুদ্ধতা যাচাই করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

সরকারি ও বেসরকারি উদ্যোগে বর্তমানে চাহিদার শতকরা ৩০ ভাগ মান সম্পন্ন বীজ সরবরাহ করা সম্ভব হচ্ছে। বীজ প্রত্যয়ন এজেন্সীর প্রয়োজনীয় জনবল ও অবকাঠামোগত সুযোগের অভাবে সকল ফসলের সকল শ্রেণির বীজ প্রত্যয়ন সেবা প্রদান সম্ভব হচ্ছে না । এ ছাড়াও বীজ প্রত্যয়ন এজেন্সীর দক্ষ জনবল বদলি জনিত কারণে প্রত্যয়ন সেবা বিঘ্নিত হচ্ছে । বীজ প্রতারণা মানসম্পন্ন বীজ প্রাপ্তি ও ব্যবহারের ক্ষেত্রে অন্যতম প্রধান সমস্যা।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

সকল ফসলের সকল শ্রেণির বীজ প্রত্যয়নের আওতায় আনয়নের উদ্যোগ গ্রহণ। সকল ফসলের শতভাগ মানসম্পন্ন বীজ উৎপাদনের প্রয়োজনীয় প্রত্যয়ন সেবা প্রদান । বীজের মান নিয়ন্ত্রণ কার্যক্রম শক্তিশালীকরন, বীজ প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ সুবিধা বৃদ্ধি, বীজ বাজারজাত ও বিক্রয় কার্যাদির মনিটরিং জোরদারকরণ এবং গুরুত্বপূর্ণ ফসলসমূহ প্রত্যয়নের আওতাভুক্তকরণ, বীজ আইন অনুযায়ী আমদানীকৃত বীজের মান নিশ্চিতকরণ । বীজ প্রত্যয়ন এজেন্সীর নিয়োজিত জনবলকে প্রশিক্ষিতকরণ।

**২০১৫-১৬ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

- ডিইউএস ও ভিসিইউ টেষ্টের মাধ্যমে উচ্চফলনশীল এবং লবণাক্ততা, খরা ও বন্যা সহিষ্ণু জাতসহ ধান, গম, পাট, আলু ও আখের ২০টি জাত ছাড়করণ;
- বীজ খাতে নিয়োজিত জনবলের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ৬০০ জনকে বীজ প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ প্রদান।
- ধান, পাট, গম ও আলু ফসলের মোট ১,১৫০০০ টন বীজ প্রত্যয়ন।
- বীজ পরীক্ষাগারের প্রত্যয়নাধীন ৫০০০টি নমুনা পরীক্ষাকরণ ।
- বীজ ডিলারের দোকান পরিদর্শন করে ৩১০টি মার্কেট মনিটরিং নমুনা পরীক্ষা করে বীজের মান যাচাই করা ।
- রিভিজিটের আওতায় নতুন সৃজিত তৃতীয় ও চতুর্থ শ্রেণির ৫০টি পদে জনবল নিয়োগের প্রক্রিয়া গ্রহণ।
- মোবাইল কোর্টের মাধ্যমে ভেজাল বীজ ব্যবসায়ীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ।

# উপক্রমণিকা (Preamble)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বীজ প্রত্যয়ন এজেন্সী এর পরিচালক

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসেবে সচিব, কৃষি মন্ত্রণালয় এর মধ্যে ২০১৫ সালের অক্টোবর মাসের ০৮ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন সমঝোতা স্মারক স্বাক্ষরিত হলো ।

এই সমঝোতা স্মারকে স্বাক্ষরকারী উভয় পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

## সেকশন ১

### রূপকল্প (Vision) অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

**১.১ রূপকল্প (Vision) :**

শতভাগ মানসম্পন্ন বীজ

**১.২ অভিলক্ষ্য (Mission) :**

উচ্চ গুনাগুন সম্পন্ন ও প্রতিকুলতা সহিষ্ণু জাতের মানসম্পন্ন বীজ উৎপাদনে ও বিতরনে উৎপাদনকারীদের প্রত্যয়ন সেবা প্রদান এবং মার্কেট মনিটরিং কার্যক্রম জোরদারকরণের মাধ্যমে বীজের মান নিশ্চিতকরণ।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ**

(ক) ফসলখাতে উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি।

(খ) কৃষি উপকরণের সরবরাহ ও সহায়তা বৃদ্ধি।

(গ) ন্যায্যমূল্যে পর্যাপ্ত কৃষি পণ্য সরবরাহ।

**আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

(ক) দক্ষতার সাথে বার্ষিক কর্ম সম্পাদন সমঝোতা স্মারক বাস্তবায়ন ।

(খ) দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন ।

(গ) তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন ।

(ঘ) উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারর মাধ্যমে সেবার মান উন্নয়।

(ঙ) আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন ।

**১.৪ কার্যাবলী**

(ক) বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ এবং মান নিয়ন্ত্রণ সম্পর্কে বীজ উৎপাদকদের পরামর্শ প্রদান;

(খ) পরিদর্শন ও বীজ পরীক্ষার মাধ্যমে উৎপাদিত ও বাজারজাতকৃত বীজের মান নিয়ন্ত্রনের দায়িত্ব পালন;

(গ) জাতীয় বীজ বোর্ডের ব্যবহারের জন্য বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও মান নিয়ন্ত্রণ বিষয়ক ডাটা ও তথ্য সংগ্রহ করা।

(ঘ) নিয়ন্ত্রিত ফসলের ভিত্তি ও মৌলবীজ প্রত্যয়ন করা;

(ঙ) সম্পদের প্রতুলতা সাপেক্ষে বীজ কোম্পানী/প্রতিষ্ঠানকে বীজ প্রত্যয়ন সেবা প্রদান;

(চ) নিয়ন্ত্রিত ফসলের জাত মূল্যায়ন ও ছাড়করণ কার্যাদির সমন্বয় সাধন;

(ছ) নিম্ন ফলনশীল অথবা রোগ ও পোকামাকড় সংবেদনশীল হওয়ার কারণে জাত প্রত্যাহারের বিষয়ে জাতীয় বীজ বোর্ডকে পরামর্শ প্রদান;

(জ) কৃষক পর্যায়ে উন্নত বীজ ব্যবহার ও বর্ধন কাজে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে সহায়তা করা;

(ঝ) সারাদেশ থেকে মানঘোষিত বীজের নমুনা সংগ্রহ করা এবং যথাযথ পরীক্ষার মাধ্যমে ঘোষিতমান যাচাই করা ;

(ঞ) বীজ অধ্যাদেশ, ১৯৭৭ এর বিধানসমূহ প্রয়োগ করা এবং অপরাধীর বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা।

# সেকশন ২

## বীজ প্রত্যয়ন এজেন্সীর কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/ প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা ২০১৫-২০১৬ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসুত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮ | | |
| মানসম্পন্ন বীজের সহজলভ্যতা | প্রত্যায়িত বীজ | মেট্রিক টন (হাজার) | ৯৬ | ১০৯ | ১১৫ | ১২০ | ১২৫ | কৃষি মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, NARS ভুক্ত গবেষণা প্রতিষ্ঠান সমূহ, বিএডিসি, বেসরকারী বীজ কোম্পানী, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও জাতীয় বীজ বোর্ড | বীজ প্রত্যয়ন এজেন্সীর বার্ষিক প্রতিবেদন |
| মানসম্পন্ন বীজের সহজলভ্যতা | পরীক্ষিত বীজ | সংখ্যা | ৩৯৯১ | ৪৯৬১ | ৫০০০ | ৬০০০ | ৬৫০০ | কৃষি মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, NARS ভুক্ত গবেষণা প্রতিষ্ঠান সমূহ, বিএডিসি, বেসরকারী বীজ কোম্পানী, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও জাতীয় বীজ বোর্ড | বীজ প্রত্যয়ন এজেন্সীর বার্ষিক প্রতিবেদন |
| মানসম্পন্ন বীজের সহজলভ্যতা | বীজ ব্যবসায়ী উন্নয়ন | সংখ্যা | ৩০ | ৬০ | ৭০ | ৮০ | ৯০ | কৃষি মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, NARS ভুক্ত গবেষণা প্রতিষ্ঠান সমূহ, বিএডিসি, বেসরকারী বীজ কোম্পানী, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও জাতীয় বীজ বোর্ড | বীজ প্রত্যয়ন এজেন্সীর অফিস রেকর্ড। |

**প্রতিষ্ঠানের নাম : বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।**

## সেকশন ৩

### কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-১৫ | লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়া মান | | | | | প্রক্ষেপন ২০১৬-১৭ | প্রক্ষেপন ২০১৭-১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **দপ্তর / সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| ১. ফসল খাতে উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি। | ৩০ | ১.১কৃষক পর্যায়ে উদ্ভাবিত জাত ও প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি | ১.১.১ প্রশিক্ষিত ব্যক্তি | সংখ্যা (লক্ষ) | ২০ | ০.০০৬ | ০.০০৬ | ০.০০৬ | ০.০০৫ | ০.০০৪ | - | - | ০.০০৮ | ০.০০৯ |
| | | | ১.১.২সেমিনার/ ওয়ার্কশপ | সংখ্যা | ১০ | ৬ | ৭ | ৬ | ৫ | ৪ | ৩ | ২ | ৮ | ৯ |
| ২. কৃষি উপকরণের সরবরাহ ও সহায়তা বৃদ্ধি। | ৪৫ | ২.১ মৌল, ভিত্তি ও প্রত্যায়িত বীজের প্রত্যয়ন প্রদান। | ২.১.১ প্রত্যায়িত বীজ | মে:টন (হাজার) | ২৫ | ৯৬ | ১০৯ | ১০০ | ৯৫ | ৯০ | ৮০ | ৭০ | ১২০ | ১২৫ |
| | | ২.২মানসম্পন্ন বীজ নিশ্চিতকরণ | ২.২.১ পরীক্ষিত বীজ নমুনা | সংখ্যা | ২০ | ৩,৯৯১ | ৪,৯৬১ | ৪,০০০ | ৩,৮০০ | ৩,৫০০ | ৩,২০০ | ৩,০০০ | ৬,০০০ | ৬,৫০০ |
| ৩. ন্যায্যমূল্যে পর্যাপ্ত কৃষি পণ্য সরবরাহ। | ১০ | ৩.১কৃষি উদ্যোক্তাদের প্রযুক্তিগত সহায়তা প্রদান ও কৃষিতে বিনিয়োগে উৎসাহিত করা | ৩.১.১ সহায়তাপ্রাপ্ত বীজ ব্যবসার উদ্যোক্তা | সংখ্যা | ১০ | ৩০ | ৬০ | ৬০ | ৫৪ | ৪৮ | ৪২ | ৩৬ | ৮০ | ৯০ |

## আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যে মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রার মান-২০১৫-২০১৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন সমঝোতা স্মারক বাস্তবায়ন | ৩ | বার্ষিক কর্মসম্পাদন সমঝোতা স্মারক | নির্ধারিত সময়সীমার মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ১৯ অক্টোবর | ২২ অক্টোবর | ২৬ অক্টোবর | ২৯ অক্টোবর |
| | | বার্ষিক কর্মসম্পাদন সমঝোতা স্মারক পরিবীক্ষণ | দাখিলকৃত আর্থিক ও ত্রৈমাসিক প্রতিবেদন | সংখ্যা | ১ | ৫ | ৪ | ৩ | - | - |
| | | মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সংগে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর | সমঝোতা স্মারক স্বাক্ষর সংক্রান্ত পরিপত্র জারীকৃত | তারিখ | ১ | ২৮ এপ্রিল ২০১৬ | ৫ মে ২০১৬ | ১২ মে ২০১৬ | ১৯ মে ২০১৬ | ২৬ মে ২০১৬ |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | কর্মকর্তা/ কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময় | জন ঘন্টা | ১ | *৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | দপ্তর/সংস্থার নৈতিকতা কমিটি গঠিত | তারিখ | ১ | ২৯ অক্টোবর | ৮ নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| | | | দপ্তর/সংস্থার শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণীত | তারিখ | ১ | ১ ডিসেম্বর | ৭ ডিসেম্বর | ১৪ ডিসেম্বর | ২১ ডিসেম্বর | ২৮ ডিসেম্বর |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য প্রকাশ নির্দেশিকা বাস্তবায়ন | মন্ত্রণালয়ে তথ্য প্রকাশ নির্দেশিকা অনুসারে তথ্য প্রকাশিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | আওতাধীন দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও যোগাযোগের ঠিকানার সংকলন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৫ ডিসেম্বর |
| | | দপ্তর/সংস্থায় বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | দপ্তর/সংস্থার বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১ নভেম্বর | ৮ নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |

*৬০ ঘন্টা প্রশিক্ষণের মধ্যে অন্যূন ২০ ঘন্টা সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভূক্ত থাকবে।

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যে মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রার মান-২০১৫-২০১৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন | ৫ | পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগ এবং মাঠ পর্যায়ের দপ্তর সমূহে সিটিজেনস্ চার্টার প্রণয়ন | পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগ এবং মাঠ পর্যায়ের দপ্তর সমূহে সিটিজেনস্ চার্টার ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১ নভেম্বর | ৮ নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | দপ্তর/সংস্থার অভিযোগ প্রতিকার ফোকাল পয়েন্ট নিয়োগকৃত | তারিখ | ১ | ১ নভেম্বর | ৮ নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| | | | নাগরিকের নিকট হতে প্রাপ্ত অভিযোগ নিস্পত্তিকৃত | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ১ জুন ২০১৬ | ৮ জুন ২০১৬ | ১৫ জুন ২০১৬ | ২২ জুন ২০১৬ | ২৯ জুন ২০১৬ |
| | | | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি করে সেবা প্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ১ জুন ২০১৬ | ৮ জুন ২০১৬ | ১৫ জুন ২০১৬ | ২২ জুন ২০১৬ | ২৯ জুন ২০১৬ |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | বাজেট বাস্তবায়ন কমিটির কর্মপরিধি যথাযথভাবে অনুসরণ | বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত ও দাখিলকৃত ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন | সংখ্যা | ১ | ৫ | ৪ | ৩ | ২ | ১ |
| | | অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | বছরে অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

আমি, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই সমঝোতা স্মারকে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় কৃষি মন্ত্রীর প্রতিনিধি হিসাবে পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী এর নিকট অঙ্গীকার করছি যে, এই সমঝোতা স্মারকে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা করব।

স্বাক্ষরিত :

| | |
|---|---|
| পরিচালক<br>বীজ প্রত্যয়ন এজেন্সী | ০৮.১০.২০১৫<br>তারিখ |
| সচিব<br>কৃষি মন্ত্রণালয় | ০৮.১০.২০১৫<br>তারিখ |

## সংযোজনী-১ঃ শব্দসংক্ষেপ(Acronyms)

| শব্দসংক্ষেপ | বিবরন |
|---|---|
| ডিইউএস | ডিসটিংক্টনেস, ইফনিফরমিটি এন্ড স্ট্যাবিলিটি |
| ভিসিইউ | ভ্যালু ফর কাল্টিভেশন এন্ড ইয়ূজ |
| NARS | National Agricultural Research System |
| বিএডিসি | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন |
| ব্রি | বাংলাদেশ ধান গবেষনা ইনস্টিটিউট |
| বারি | বাংলাদেশ কৃষি গবেষনা ইনস্টিটিউট |
| বিজেআরআই | বাংলাদেশ পাট গবেষনা ইনস্টিটিউট |

## সংযোজনী-২:কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পারমাপ পদ্ধতির বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরমাপ পদ্ধতি ও উপাত্ত সূত্র | সাধারন মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [১.১] কৃষক পর্যায়ে উদ্ভাবিত জাত ও প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি | [১.১.১] প্রশিক্ষিত ব্যক্তি | বীজ প্রযুক্তি, বীজ প্রত্যয়ন কার্যক্রম,বীজ আইন ও বীজ বিধির উপর বীজ উৎপাদনকারী বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী, বীজ ডিলার ও বীজ চাষীদের প্রশিক্ষণ দেয়া হয়। | বীজ প্রত্যয়ন এজেন্সী | বীজ প্রত্যয়ন এজেন্সীর বার্ষিক প্রতিবেদন | |
| | ১.১.২সেমিনার/ ওয়ার্কশপ | বীজ প্রযুক্তি, বীজ প্রত্যয়ন কার্যক্রম,বীজ আইন ও বীজ বিধির উপর বীজ উৎপাদনকারী বিভিন্ন প্রতিষ্ঠানের অংশ গ্রহণের ভিত্তিতে মতামত ও সিদ্ধান্ত গ্রহন করা হয়। | বীজ প্রত্যয়ন এজেন্সী | বীজ প্রত্যয়ন এজেন্সীর বার্ষিক প্রতিবেদন | |
| [২.১] মৌল, ভিত্তি ও প্রত্যায়িত বীজের প্রত্যয়ন প্রদান। | [২.১.১] প্রত্যায়িত বীজ | মৌল, ভিত্তি ও প্রত্যায়িত বীজের উৎপাদনকারী প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে বীজ মাঠ পরিদর্শন, মাঠ প্রত্যয়ন, বীজ পরীক্ষা ও প্রত্যায়িত বীজের প্রত্যয়নট্যাগ সরবরাহ করা হয়। | বীজ প্রত্যয়ন এজেন্সী | বীজ প্রত্যয়ন এজেন্সীর বার্ষিক প্রতিবেদন | |
| [২.২]মানসম্পন্ন বীজ নিশ্চিতকরণ | [২.২.১] পরীক্ষিত বীজ নমুনা | বীজের উৎপাদনকারী প্রতিষ্ঠানের উৎপাদিত বীজের এবং মানঘোষিত বাজারজাতকৃত বীজের নমুনা সংগ্রহ ও পরীক্ষা করা হয়। | বীজ প্রত্যয়ন এজেন্সী | বীজ প্রত্যয়ন এজেন্সীর বার্ষিক প্রতিবেদন | |
| [৩.১] কৃষি উদ্যোক্তাদের প্রযুক্তিগত সহায়তা প্রদান ও কৃষিতে বিনিয়োগে উৎসাহিত করা | [৩.১.১] সহায়তাপ্রাপ্ত বীজ ব্যবসার উদ্যোক্তা | বীজ উইং, কৃষি মন্ত্রণাল কর্তৃক নিবন্ধিত বীজ ডিলারদের বীজ উৎপাদন সংরক্ষণ ও বাজারজাতকরনে জন্য মাঠ প্রত্যয়ন, বীজ পরীক্ষা ও প্রত্যায়িত বীজের প্রত্যয়নট্যাগ সরবরাহ করা হয়। | বীজ প্রত্যয়ন এজেন্সী | বীজ প্রত্যয়ন এজেন্সীর বার্ষিক প্রতিবেদন | |

## সংযোজনী-৩: অন্যান মন্ত্রণালয় /বিভাগ/অধিদপ্তর/সংস্থা এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্ম সম্পাদন সহায়তসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট হতে বীজ প্রত্যয়ন এজেন্সীর প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট হতে প্রত্যাশার মাত্রা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠান | বিএডিসি | প্রত্যায়িত বীজ | যথা সময়ে বীজ প্রত্যয়নের আবেদন | বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠান হিসাবে বিএডিসি এর নিকট হতে প্রত্যয়ন চাহিদার উপর প্রত্যায়িত বীজের উৎপাদন নির্ভর করে। | ৫০% | মান সম্পন্ন বীজ উৎপাদন ব্যহত হবে। |
| বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠান | বেসরকারী বীজ কোম্পানী সমূহ | প্রত্যায়িত বীজ | যথা সময়ে বীজ প্রত্যয়নের আবেদন | বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠান হিসাবে কোম্পানী সমূহের নিকট হতে প্রত্যয়ন চাহিদার উপর প্রত্যায়িত বীজের উৎপাদন নির্ভর করে। | ৩৫% | মান সম্পন্ন বীজ উৎপাদন ব্যহত হবে। |
| NARS ভুক্ত প্রতিষ্ঠান | ব্রি/বারি/বিজে আর আই | প্রত্যায়িত বীজ | যথা সময়ে মৌল বীজ প্রত্যয়নের আবেদন | মৌল বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠান হিসাবে ব্রি/বারি/বিজে আর আই এর নিকট হতে প্রত্যয়ন চাহিদার উপর মৌল বীজের উৎপাদন নির্ভর করে। | ১০০% | মান সম্পন্ন বীজ উৎপাদন ব্যহত হবে। |